

উন্নতজীবনযাপন, শিক্ষা, স্বাস্থ্য/চিকিৎসার জন্য স্বদেশ ছেড়ে বিদেশে জীবনযাপন নতুন কিছু নয়। কিন্তু স্বদেশের তাগিদে নিজের দেশের জন্য কিছু করা অবশ্যই প্রশংসনীয়।

পৃথিবীর অন্যতম শীর্ষ জনস্বাস্থ্য ব্যবস্থাপনার ভিত্তিতে গড়ে উঠা অস্ট্রেলিয়ান হাসপাতাল, ক্লিনিক, ইমারজেন্সি ইউনিটের তিন জন মেধাবী চিকিৎসক এমনি একটি গ্লোবাল টেলিহেলথ এর উদ্যোগ নিয়েছে যার সাথে সংযুক্ত হবার অপেক্ষায় আছেন আরো বাংলাদেশী প্রথিতযশা ডাক্তার, স্বাস্থ্যকর্মী ও সমাজসেবী। উদ্যোগটা খুবই সাধারণ কিন্তু গুরুত্ব এবং প্রয়োজনীয়তার মানদণ্ডে ব্যাপক। অস্ট্রেলিয়ায় স্থায়ী ও অস্থায়ী ভাবে বসবাসরত যে কোন প্রাপ্তবয়স্ক বাংলাদেশী টেলিফোন, ইন্টারনেটের মাধ্যমে তাদের প্রিয়জন (যারা অবস্থান করছে বাংলাদেশে) সম্পর্কে স্বাস্থ্যবিষয়ক পরামর্শ সরাসরি পাবেন বিদেশে অবস্থিত বাংলাদেশী বিশেষজ্ঞ ডাক্তারদের হতে।

ডা: শেখ হায়দার তপু এই উদ্যোগটার নাম ঠিক করেছেন 'HOLo' (Health of Loved Ones)। ডা: ফয়সুর রেজা ইমন যুক্ত করেছেন ডজনখানেক বিশেষজ্ঞ ডাক্তারকে। ডা: ইফতেখার হোসেন পাভেল উদ্যোগটির কার্যকারিতা বাংলাদেশে চিকিৎসক সমাজ এর মাধ্যমে প্রসারিত করেছেন এবং ড: মাহফুজ আশরাফ সামগ্রিক ব্যবস্থাপনা ও গবেষণার দায়িত্বে আছেন।

যে দেশে প্রতিজন ডাক্তারের দায়িত্বভার গড়ে কয়েক হাজার এর বেশী জনগনের স্বাস্থ্য দেখভালের সেখানে, শুধুমাত্র সরকারী, বেসরকারী এবং অন্যান্য উদ্যোগের সমালোচনায় ব্যাস্ত না থেকে দেশের মানুষকে বিদেশ হতে সরাসরি টেলিহেলথ এর মাধ্যমে সেবা প্রদানের এই উদ্যোগকে প্রশংসা না করে পারা যাবে না।

প্রারম্ভিকভাবে টেলিহেলথ সেবা পাবার জন্য অস্ট্রেলিয়া থেকে আপনাকে রেজিস্ট্রেশান করতে হবে এই সাইটে গিয়ে: www.holonow.com.au/registration। এরপর আপনার বাংলাদেশে বসবাসরত পরিবারকে ডাক্তার এর আপলইনটমেন্ট নিতে হবে www.holonow.com.au/book-appointment এই সাইটে গিয়ে।

সাধারণ পুষ্টি বিষয়ক পরামর্শ হতে আরম্ভ করে স্বাস্থ্য বিষয়ক প্রতিটি বিষয়ে বিশ্বাসযোগ্য সহযোগী হিসেবে আপনার সাথে থাকবে ৫০০ বিদেশে কর্মরত বাংলাদেশী ডাক্তার যারা অবস্থান করছে উন্নত বিশ্বে কিন্তু তাদের অন্তর, মন, ভালবাসার শিকড় সুবিস্তৃত বাংলাদেশের প্রতিটি ধমনীতে।

বিস্তারিত জানবার জন্য যোগাযোগ করুন: ডা: শেখ হায়দার তপু (Phone +61 433 380 497 & email: info@holo.com.au).